

মডেল অ্যাক্টিভিটি টাস্ক — ২০২১

স্বাস্থ্য ও শারীরশিক্ষা

চতুর্থ শ্রেণি

বন্যা

১। নীচের শব্দবুড়ি থেকে সঠিক শব্দটি খুঁজে নিয়ে শূন্যস্থানটি পূরণ করো।

১ × ৬ = ৬

(ক) বন্যা

অত্যধিক বৃষ্টি হলেই জল বৃষ্টি হয়,
জলমগ্ন অবস্থা তাই _____ যে নয়।

(গ) বন্যা

বন্যা মানেই চারদিকেতেই জলে একাকার,
উঁচু জায়গায় আশ্রয় নেয় কত _____।

(ঙ) বন্যা

ত্রাণ শিবিরে মেলে খাবার, _____ খাদ্য, জল,
মোকাবিলায় এগিয়ে আসে উদ্ভারকারী দল।

(খ) বন্যা

অস্থায়ী এই অবস্থাকে _____ নামে ডাকি,
নিরাপদ স্থান বেছে নিয়ে তখন আমরা থাকি।

(ঘ) বন্যা

গাড়ি ঘোড়া ঘর বা বাড়ি জলে জলেই ভাসে,
স্বৈচ্ছাসেবক, _____ এগিয়ে তখন আসে।

(চ) বন্যা

ত্রাণ শিবিরে জানতে হবে তাদের _____,
সুনিশ্চিত করতে হবে, জানায় প্রশাসন।

শব্দবুড়ি

নিরাপদ, বন্যা, পরিবার,
সমাজসেবী, শিশুর, প্রয়োজন

২। নীচের ঘটনাগুলির কোনটি সত্য ও কোনটি মিথ্যা তা লেখো এবং ভুল থাকলে সংশোধন করো।

১ × ৫ = ৫

(ক) শিশু, প্রতিবন্দী, বৃদ্ধ ও মহিলাদের প্রথমে সুরক্ষিত উঁচু জায়গায় নিয়ে যেতে হবে।

(ক)

(খ) দুর্যোগবর্তা শুনলে শুকনো খাবার, শিশুর খাদ্য, জল, জ্বালানির নিরাপদ জায়গায় রাখতে হবে। ওয়ুধ, টর্চ, দেশলাই,
হারিকেন, মূল্যবান কাগজ প্লাস্টিকে মুড়ে নিরাপদ স্থানে রাখতে হবে।

(খ)

(গ) পানীয় জলের নলকূপে অতিরিক্ত পাইপ সংযোগ করতে হবে, যাতে কল বন্যার জলে না ডুবে যায়।

(গ)

(ঘ) গুজবে কান দেবে ও গুজব ছড়াবে।

(ঘ)

(ঙ) বন্যায় ডোবা শাকসবজি, মাছ খাবে।

(ঙ)

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

১ + ৩ = ৪

(ক) বন্যা কাকে বলে?

(খ) বন্যার সময় কী কী করা উচিত নয়?

শিক্ষার্থীদেরকে বাড়িতে নিজের বিষয়ভিত্তিক খাতায় এ প্রশ্নগুলোর উত্তর লিখে বিদ্যালয় কর্তৃপক্ষের নির্দেশমতো
অভিভাবকদের মাধ্যমে শিক্ষকদের কাছে জমা দিতে হবে। কোনো অবস্থাতেই শিক্ষার্থীরা বিদ্যালয়ে
জমা দিতে আসবে না।